

২০২০  
বাংলা

তৃতীয় সেমিস্টার (DODL)

চতুর্থ পত্র

বিশেষ পত্র : নাট্যসাহিত্য

পূর্ণমান : ৮০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নের উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। কালের যাত্রায় শোষিত বঞ্চিত, অস্ত্যজ গোত্রের মানুষজনের ক্ষমতায়নের প্রসঙ্গ ‘রথের রশি’ নাটিকায় কীভাবে উন্মোচিত তা আলোচনা করো।

অথবা

‘রথের রশি’ নাটিকার নামকরণ যথাযথ কিনা আলোচনা করো।

১৫

- ২। ‘দেবীগর্জন’ নাটকের নামকরণের সার্থকতা এবং নাটকের শেষদৃশ্যের গুরুত্ব বিচার করো।

অথবা

‘দেবীগর্জন’ নাটকে প্রভঞ্জন ও ত্রিভুবন একই শ্রেণীর প্রতিনিধি হয়েও একই ছাঁদের চরিত্র নয় কেন তা আলোচনা করো।

১৫

- ৩। ঐতিহাসিক নাটকের লক্ষণগুলি ‘সিরাজদ্দৌলা’ নাটকে কতখানি বর্তমান তা বিচার করো।

অথবা

‘সিরাজদ্দৌলা’ নাটকে সঙ্গীত ব্যবহারের কৃতিত্ব বিশ্লেষণ করো।

১৫

- ৪। ‘একাক্ষ’ নাটকের বৈশিষ্ট্যগুলি অনুসরণে পাঠ্য নাটকগুলির মধ্যে কোন্টিকে তুমি সার্থক বলে মনে করো— তা ব্যাখ্যা করে বোঝাও।

অথবা

‘দেবী’ নাটকটির কাহিনী আলোচনা করে শুখনির আত্মত্যাগ কতটা স্বাভাবিক এবং শিল্পসম্মত তা আলোচনা করে বুঝিয়ে দাও।

১৫

- ৪। সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো (যে কোনো চারটি) :  $৫ \times ৪ = ২০$

ক) ‘পারবে না হয়ত

একদিন ওরা ভাববে, রথী কেউ নেই, রথের

সর্বময় কর্তা ওরাই।’

খ) ‘নেমেছে ধূলার তলে হীন পতিতের ভগবান

অপমানে হতে হবে সেথা তোরে সবার সমান।’

গ) গণনাট্যের সংজ্ঞা ও বৈশিষ্ট্য

ঘ) ‘কে রাজা, কার রাজ্য?’

ঙ) গোলাম হোসেন চরিত্র

চ) ‘বে আইনি সুদ দিব নাই।’